

১১৩৩ প্রতিষ্ঠানে সবাই পাস, ৩৫টিতে ফেল

■ সমকাল প্রতিবেদক

উচ্চ মাধ্যমিকে এ বছর শতভাগ শিক্ষার্থী পাসের প্রতিষ্ঠানের সংখ্যা গতবারের চেয়ে আরও কমেছে। কেউ পাস করেনি এমন প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে। গতকাল রোববার এইচএসসি ও সমমানের পরীক্ষার যে ফল প্রকাশ করা হয়েছে তাতে দেখা গেছে এ বছর ১ হাজার ১৩৩টি শিক্ষা প্রতিষ্ঠানের সব পরীক্ষার্থী পাস করেছেন। গত বছর এ সংখ্যা ছিল এক হাজার ১৪৭টি। অন্যদিকে ৩৫টি প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীই এবার পাস করতে পারেননি। গত বছর এরকম প্রতিষ্ঠান ছিল ২৪টি।

ঢাকা বোর্ডে শতভাগ শিক্ষার্থী পাস করেছেন এমন প্রতিষ্ঠান ৩৩টি। আর কোনো শিক্ষার্থী পাস করেননি এমন প্রতিষ্ঠান পাঁচটি।

কেউ পাস করেননি এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা সবচেয়ে বেশি যশোর বোর্ডে। সেখানে ১৩টি প্রতিষ্ঠানের সব উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী এবার ফেল করেছেন। আর শতভাগ শিক্ষার্থী পাস করেছেন এমন শিক্ষার্থীর সংখ্যা যশোর বোর্ডে তিনটি।

রাজশাহী বোর্ডে ২৬টি, বরিশালে পাঁচটি, দিনাজপুরে ২২টি, কুমিল্লায় ছয়টি, চট্টগ্রাম বোর্ডে চারটি এবং সিলেট বোর্ডে ১৩টি প্রতিষ্ঠানের সবাই পাস করেছেন। আর রাজশাহী, বরিশাল ও দিনাজপুর বোর্ডের পাঁচটি করে প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী এবার উচ্চ মাধ্যমিকের কোঠা পার হতে পারেননি। কুমিল্লা, চট্টগ্রাম বা সিলেটে এবার এরকম কোনো প্রতিষ্ঠান নেই।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে এবার ৮৩৮টি প্রতিষ্ঠানের সব শিক্ষার্থী পাস করেছেন। কেউ পাস করেননি, এমন মাদ্রাসা দুটি। অন্যদিকে কারিগরি শিক্ষা বোর্ডে শতভাগ পাস করা প্রতিষ্ঠান ১৮৩টি। কেউ পাস করেনি, এমন কোনো প্রতিষ্ঠান এ বোর্ডে নেই।